

থিয়োরি অফ ডাইজেশান

সাপের মতো মাথা যে লোকটার
 তাকে বললাম ‘প্লিজ, আমাকে গিলে ফেলুন’
 যেন বুঝতে পারেনি এভাবে অবাক হয়ে
 লোকটা দেখল তার সামনে দাঁড়িয়ে থাকা আমি
 কিভাবে ত্রমশ পাল্টে পাল্টে একবার
 ডানলোপিলো গদি, একবার ঘর মোছার ন্যাতা আর একবার
 পু মোটা নারকোলদড়ির পাপোশ হয়ে গেলাম
 গিলে নেবার জন্য এগুলো উপযুক্ত নয়
 এই চামড়ার দেহ থেকে মেলানিন তাহলে তুলে দিয়ে
 আমাকে হতে হতো আরও ফ্যাকাশে, রক্তশূন্য
 তাহলে দয়া হতো, তাহলে প্লেটে সাজানো
 ফর্সা স্যান্ডউইচের মতো আমার একটা খাদ্য খাদ্য ভাব আসত
 খক করে আটকে যেতাম না গলায়
 সাপেরাও বলাবলি করত ‘বা! এবার বেশ নরম ও কোমল হয়ে উঠেছে’
 কিন্তু যতক্ষণ বিছানার মতো ঘরমোছার মতো পাপোশের মতো
 অস্বস্তিকর অস্পৃশ্য হয়ে থাকবো
 ততক্ষণ আড়াল পাবার জন্য সাপের পেটের সেই সরস লালাময়
 শোবার ঘরে আমার ঢোকা হবে না যতই বলি না কেন,
 ‘আমাকে গিলে ফেলুন, আমাকে গিলে ফেলুন, প্লিজ’

অংশুমান কর

